৭

১৫

# পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়
বাড়ী নং ২৭, সড়ক নং ১৪, সেক্টর-৩,
উত্তরা মডেল টাউন, ঢাকা
টেলিফোন: ৮৯১৮৬২-৬৫
পিএবিএক্স: ৮৯৪৭২০-২৪

স্মারক নং ওয়ারপো/ডব্লিউ-৯/৪২৪

তারিখ : ২৩/০৭/১৯৯৪

## বিজ্ঞপ্তি

বিষয় : পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ৩য় সভা

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, আগামী ২৭-৭-৯৪ ইং/১২-৪-১৪০১ বাং রোজ বুধবার বেলা ২-৩০ মিনিটে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ৩য় সভা সেচ,পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী মহোদয় উক্ত সভায় সভাপতিত্ব করিতে সদয় সম্মতি জ্ঞাপন করিয়াছেন।

যথাসময়ে উক্ত সভায় যোগদানের জন্য সবিনয় অনুরোধ জানানো হইল।

উক্ত সভার আলোচ্যসূচী ও কার্যপত্র সদয় অবগতির জন্য এতদসংগে সংযুক্ত করা হইল।

সংযুক্ত : বর্ণনামতে।

(লিয়াকত হোসেন) ২৩/৭/৯৪
মহা পরিচালক
ও
সদস্য-সচিব

## বিতরণ

১। সদস্য (কৃষি), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা ও ভাইস-চেয়ারম্যান, পরিচালনা বোর্ড।

২। সচিব, সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়, ঢাকা ও সদস্য, পরিচালনা বোর্ড।

Rule(সভা-বিজ্ঞপ্তি)আলমগীর

৩। সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা ও সদস্য, পরিচালনা বোর্ড।

৪। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা ও সদস্য, পরিচালনা বোর্ড।

৫। সচিব, সড়ক ও সড়ক পরিবহন বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, ঢাকা ও সদস্য, পরিচালনা বোর্ড।

৬। সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা ও সদস্য, পরিচালনা বোর্ড।

৭। সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয়, ঢাকা ও সদস্য, পরিচালনা বোর্ড।

৮। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, ঢাকা ও সদস্য, পরিচালনা বোর্ড।

৯। মহা পরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, উত্তরা, ঢাকা ও সদস্য-সচিব, পরিচালনা বোর্ড।

১০। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (উক্ত সভার সভাপতি মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

Rule(সভা-বিজ্ঞপ্তি)আলমগীর

# পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ৩য় সভার কার্যবিবরণী

বিগত ২৭/৭/৯৪ ইং অপরাহ্ন ২.৩০ ঘটিকায় পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের তৃতীয় সভা সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের সভাপতি মেজর জেনারেল এম, মজিদ-উল হক (অব:) এম,পি, উক্ত সভায় সভাপতিত্ব করেন।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংযুক্তি 'ক'তে দ্রষ্টব্য।

সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

## ১। আলোচ্য বিষয় নং ১

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ২য় সভার সিদ্ধান্ত সমুহের স্থিতাবস্থা (Status) সম্বন্ধে আলোচনা।

১.১ সভার শুরুতে মাননীয় সভাপতির আহবানে দ্বিতীয় বোর্ড সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য বোর্ডের সদস্য-সচিব প্রস্তাব করিলে সর্বসম্মতিক্রমে উক্ত কার্যবিবরণী অনুমোদিত হয়। অত:পর পূর্বোক্ত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে সদস্য-সচিব সভাকে অবহিত করেন। পরিচালনা বোর্ডের ২৮/৪/৯৪ ইং তারিখে অনুষ্ঠিত ২য় সভায় মোট ১০ (দশ)টি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছিল। উক্ত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন সম্পর্কে ওয়ারপো কর্তৃক পেশকৃত পরিস্থিতি পত্রের উপর আলোচনা অনুষ্ঠিত হয়।

১.২ সিদ্ধান্তঃ

দ্বিতীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী গঠিত টেকনিক্যাল কমিটিতে মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, চেয়ারম্যান, আইডব্লিউটিএ এই তিনজনকে সদস্য হিসাবে অন্তর্ভূক্ত করিতে হইবে।

## ২। আলোচ্য বিষয় নং ২

জাতীয় পানি পরিকল্পনা প্রণয়নার্থে ওয়ারপোকে আর্থিক ও কারিগরী সাহায্য প্রদান সম্পর্কে আলোচনা।

২.১ উপরোক্ত বিষয়ে সভাপতির আহবানে মহাপরিচালক ওয়ারপো সভাকে অবহিত করেন যে, জাতীয় পানি পরিকল্পন ১ম পর্যায় ও ২য় পর্যায়ের রিপোর্টগুলি যথাক্রমে ১৯৮৭-১৯৯১ সালে প্রণীত হয়। উক্ত রিপোর্টগুলি অদ্যাবধি সরকারি অনুমোদন লাভ করে নাই। সর্বশেষ ১৯৯০ সালের ডাটা বা তথ্যের ভিত্তিতে রচিত রিপোর্টগুলি দীর্ঘদিন পর অনুমোদনের জন জাতীয় পানি কাউন্সিলে পেশ করা সমীচীন বিবেচিত না হওয়ায় এই রিপোর্টগুলি হালনাগাদকরণ ও পরিবর্তিত পরিস্থিতিতে সময়োচিত জাতীয় পানি পরিকল্পনা প্রণয়নের আবশ্যকতা দেখা দিয়াছে। ঐ উদ্দেশ্যে আর্থিক ও কারিগরী সহায়তা প্রয়োজন

২.২ মহাপরিচালক উল্লেখ করেণ যে, ফেব্রুয়ারী১৯৯২ মাসে NWP II Terminal Evaluation Mission স্বল্প মেয়াদী ও দীর্ঘমেয়াদী অনুদানের জন্য সুপারিশ করে। বিশ্ব ব্যাংক আয়োজিত এলসিজি (LCG) সভায় বিষয়টি আলোচনার প কাজের স্বার্থে সুপারিশ অনুমোদিত হয়। বিশ্ব ব্যাংক প্রদত্ত UNDP and Trust Fund Disbursment Report তারি ১০/৫/৯৪ হইতে দেখা যায় যে, জাতীয় পানি পরিকল্পনা-২ এ বরাদ্দকৃত অর্থের মধ্যে ৪৪.১৩ লক্ষ ডলার অব্যবহৃ রহিয়াছে বলিয়া তথ্য প্রকাশ করত তিনি এই মর্মে মত ব্যক্ত করেন যে, উক্ত অব্যবহৃত অর্থ জাতীয় পানি পরিকল্প প্রণয়নের জন্য ওয়ারপোকে প্রদানের ব্যবস্থা নেওয়া যাইতে পারে। তিনি বিগত ২৮শে এপ্রিল ১৯৯৪ তারিখে সেচ, পানি

৩

উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ওয়ারপোর পরিচালনা বোর্ডের ২য় সভার সিদ্ধান্তে ওয়ারপোর কাজ যাহাতে সুষ্ঠুভাবে পরিচালনা করা যায় সেই লক্ষ্যে পাঁচ কোটি টাকার দুই বছর মেয়াদী একটি সংক্ষিপ্ত টিএপিপি তৈরী করিয়া জুলাই ১৯৯৪-তে মন্ত্রনালয়ে দাখিল করা হইয়াছে বলিয়া সভাকে অবহিত করেন।

২.৬ অত:পর তিনি প্রস্তাব করেন যে, ৩ বছর মেয়াদী ৩১ কোটি টাকা ব্যয় সম্বলিত টিএপিপি অনুমোদন বিলম্বিত হইলে ওয়ারপোর কাজের ধারাবাহিকতা বজায় রাখার জন্য বর্ণিত স্বল্প মেয়াদী টিএপিপি অনুমোদন ব্যবস্থা গ্রহণ করা যাইতে পারে। উল্লেখ্য যে, ওয়ারপো পেশকৃত দুই বছর মেয়াদী টিএপিপিটি ইতিমধ্যে মন্ত্রণালয় হইতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হইয়াছে। এ বিষয়ে সকল সদস্য ওয়ারপোর প্রস্তাবের সাথে ঐক্যমত পোষণ করেন।

২.৪ <u>সিদ্ধান্ত:</u>

১) বর্তমান পর্যায়ে মন্ত্রণালয়ে পেশকৃত ৫(পাঁচ) কোটি টাকার ব্যয় সম্বলিত ওয়ারপো শক্তিশালী করণ শীর্ষক দুই বছর মেয়াদী টিএপিপির অনুমোদন গ্রহণের বিষয়ে অত্র মন্ত্রণালয় জরুরী পদক্ষেপ গ্রহণ করিবে।

২) জাতীয় পানি পরিকল্পনার দু-পর্যায়ের রিপোর্ট হালনাগাদকরণ এবং জাতীয় পানি পরিকল্পনা প্রণয়নের প্রয়োজনীয় কার্যক্রম যথাশীঘ্র সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। এলক্ষ্যে জাতীয় পানি পরিকল্পনা-২ এর আওতায় অব্যবহৃত ৪৪.১৩ লক্ষ ডলার ওয়ারপোকে বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যাইতে পারে।

৩) ওয়ারপো দীর্ঘ মেয়াদী টিএপিপিও প্রস্তুত করিবে এবং তাহা যথাসময়ে অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পেশ করিবে।

৩। <u>আলোচ্য বিষয় নং ৩</u>

<u>পানি সম্পদ পরিকল্পনা সংস্থার বর্তমান অফিস উত্তরা মডেল টাউন হইতে স্থানান্তর প্রসংগে আলোচনা</u>।

৩.১ আলোচনাকালে উপরোক্ত বিষয়ে মহাপরিচালক, ওয়ারপো সভাকে অবহিত করেন যে, ওয়ারপোর বর্তমান অফিস সেক্টর-৩, সড়ক-১৮, বাড়ি নং-২৭ এ অবস্থিত হওয়ায় ইহার অন্যতম ও প্রধান কার্যক্রম পাউবো-এর হাইড্রোলজী, ডিজাইন, পরিকল্পনা, এফপিসিও, জেআরসি, বিএমআরসি, এসআরডিআই, বিবিএস, বিএমডি, বিএডিসি, মৎস্য বিভাগ, বিআইডব্লিউটিসি, পিএইচই, স্পার্সো, আবহাওয়া পরিদপ্তর ইত্যাদি দপ্তরসমূহ হইতে উপাত্ত ও তথ্যাদি সংগ্রহ এবং তাহাদের সাথে সংযোজন রক্ষা করা বিশেষ সমস্যা হইয়া দাড়াইয়াছে। তদুপরি বর্তমান অফিসে স্থান সংকুলান না হওয়ায় অত্র সংস্থার কৃষি, বন, পরিবেশ ও মৎস্য এবং অর্থনীতি শাখা অত্র অফিস হইতে ১.৫০ কি:মি: দূরে অন্য একটি বাড়িতে স্থানান্তর করিতে হইয়াছে। ফলে বিভিন্ন শাখার কাজ কর্মের সমন্বয় সাধনে ব্যাঘাত ঘটিতেছে। অধিকন্তু অত্র সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদের উত্তরাস্থ অফিসে যাতায়াতে জ্বালানী ও গাড়ি রক্ষণাবেক্ষণ খাতে ব্যয়ের পরিমাণ অনেক বৃদ্ধি পাইয়াছে। ওয়ারপো অফিস ঢাকার গ্রীণ রোড, মতিঝিল, সেগুন বাগিচা বা ধানমন্ডি ইত্যাদি সংলগ্ন যে কোন স্থানে একক অফিসে স্থানান্তরের ব্যবস্থা অনুমোদিত হইলে বর্ণিত সমস্যাসমূহ দূরীভূত হইবে। বিষয়টি ওয়ারপো পরিচালনা বোর্ডের দ্বিতীয় সভায় আলোচিত হইয়াছে এবং উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক একটি বিস্তারিত প্রতিবেদন স্মারক নং- ওয়ারপো/৩-১/২/৯২ তারিখ ৯/৬/৯৪ মারফৎ মন্ত্রণালয়ে পেশ করা হইয়াছে।

৩.২ ওয়ারপোর প্রতিবেদনে ধানমন্ডি এলাকায় অফিস স্থানান্তরের যে প্রস্তাব পেশ করা হইয়াছে তৎসম্পর্কে সেচ সচিব সভাকে অবহিত করেন যে, অফিস স্থানান্তরের প্রস্তাব অনুমোদিত হইলে কাজের উপরোক্ত সমস্যাদি নিরসন ছাড়াও ওয়ারপোর হিসাব অনুযায়ী প্রতি মাসে আনুমানিক ৫৩,৮০০.০০ টাকা অর্থাৎ বাৎসরিক ৬ লক্ষ ৪৬ হাজার টাকা সাশ্রয় হইবে।

৩.৩ ওয়ারপোর উপরোক্ত প্রস্তাবনার বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ মত ব্যক্ত করেন যে, যদি আর্থিক সাশ্রয় ও কর্মগত সুবিধা নিশ্চিত করা যায় তবে ওয়ারপোর অফিস নিকটতর স্থানে এবং এক আঙ্গিনায় স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইতে পারে।

৩.৪ <u>সিদ্ধান্ত:</u>

ওয়ারপোর বর্তমান অফিসের চুক্তির মেয়াদ আগামী ৩১/৭/৯৪ ইং তারিখে শেষ হইবে বিধায় কাজের স্বার্থে ও উপরের বাস্তব ঘটনা অনুধাবন পূর্বক ওয়ারপো অফিস বর্তমান অবস্থান হইতে বনানী, গ্রীণ রোড, মতিঝিল, সেগুন বাগিচা, ধানমন্ডি ইত্যাদি এলাকায় স্থানান্তরের প্রস্তাব নীতিগতভাবে অনুমোদিত হয়। নূতন অবস্থান - [illegible] - অর্থাৎ বর্তমান অবস্থান - [illegible] - অফিস - স্থানান্তরিত হবে।

৪। <u>আলোচ্য বিষয় নং ৪</u>

<u>বিবিধ:</u>

৪.১ (ক) আলোচনা: পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্প পরিদর্শনের জন্য চীন ও অন্যান্য দেশে ওয়ারপোর কর্মকর্তাদের সফর প্রসঙ্গে আলোচনা হয়।

(খ) সিদ্ধান্ত: এ বিষয়ে বাংলাদেশস্থ চীন দূতাবাসের সঙ্গে মন্ত্রণালয়ের পক্ষ হইতে যোগাযোগ করিতে হইবে।

৪.২ (ক) আলোচনা: কৃষি মন্ত্রণালয়ের কৃষি বিষয়ক স্ট্যান্ডিং স্টিয়ারিং কমিটিতে মহাপরিচালক ওয়ারপোর অন্তর্ভূক্তি সম্পর্কে আলোচনা হয়।

(খ) সিদ্ধান্ত: এবিষয়ে মন্ত্রণালয় হইতে কৃষি মন্ত্রণালয়কে একটি অনুরোধ পত্র প্রেরণ করিতে হইবে।

৪.৩ (ক) আলোচনা: পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডে পানি উন্নয়ন বোর্ডের চেয়ারম্যানকে অন্তর্ভূক্তির বিষয় আলোচনা হয়।

(খ) সিদ্ধান্ত: ওয়ারপো এবিষয়ে সংশ্লিষ্ট অর্ডিনেন্স সংশোধনের একটি প্রস্তাব মন্ত্রণালয়ে পেশ করিবে।

অত:পর সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার কাজ সমাপ্ত হয়।

( লিয়াকত হোসেন ) ২৭/৭/৯৪
মহাপরিচালক
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
ও
সদস্য-সচিব
পরিচালনা বোর্ড
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

২৬/৭/৯৪
(মেজর জেনারেল এম, মজিদ-উল হক (অব:) এম,পি,)
মন্ত্রী
সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়
ও
সভাপতি
পরিচালনা বোর্ড
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।

5

৬

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা
বোর্ডের ৩য় সভায় উপস্থিতি

সভার তারিখ : ২৭/০৭/১৯৯৪ ইং সময় : বিকাল ২-৩০ মিনিট

স্থান : সেচ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সভাপতি : মেজর জেনারেল এম.মজিদ-উল-হক (অব:) এম.পি.
মাননীয় মন্ত্রী
সেচ,পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | [illegible] | সদস্য (কৃষি), পরিকল্পনা কমিশন, | [illegible] ২৭/৭/৯৪ |
| ২। | [illegible] | সচিব, সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়, | [illegible] ২৭/৭ |
| ৩। | | সচিব কৃষি মন্ত্রণালয়, | |
| ৪। | | সচিব, স্থানীয় সরকার মন্ত্রণালয়, | |
| ৫। | এম. মঞ্জুর হোসেন | যুগ্ম সচিব, সড়ক ও সড়ক পরিবহন মন্ত্রণালয়, | [illegible] ২৭/৭/৯৪ |
| ৬। | | সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, | |
| ৭। | [illegible] | সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয়, | [illegible] ২৭/৭ |
| ৮। | [illegible] | সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, | [illegible] ২৭/৭ |
| ৯। | [illegible] | [illegible] | [illegible] ২৭/৭/৯৪ |

১৫৪-১৫৩ ৬২

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার
পরিচালনা বোর্ডের ৩য় সভার আলোচ্য সূচী

১। আলোচ্য বিষয় নং ১

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ২য় সভার সিদ্ধান্ত সমূহের স্থিতাবস্থা (Status) সম্বন্ধে আলোচনা।

পরিচালনা বোর্ডের ২৮/৪/৯৪ ইং তারিখে অনুষ্ঠিত ২য় সভায় মোট ১০ (দশ)টি বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হইয়াছিল। উক্ত সিদ্ধান্ত সমূহের বর্তমান স্থিতাবস্থা 'পরিশিষ্ট-ক' তে সংযুক্ত করা হইল।

২। আলোচ্য বিষয় নং ২

জাতীয় পানি পরিকল্পনা প্রণয়নার্থে ওয়ারপোকে আর্থিক ও কারিগরী সহায়তা প্রদান।

জাতীয় পানি পরিকল্পনা প্রকল্প ১ম পর্যায় ও ২য় পর্যায়ের রিপোর্টগুলি যথাক্রমে ১৯৮৭ ও ১৯৯১ সালে প্রণীত হয়। উক্ত রিপোর্টগুলি অদ্যাবধি সরকারী অনুমোদন লাভ করে নাই। সর্বশেষ ১৯৯০ সালের ডাটা বা তথ্য নিয়ে রচিত রিপোর্টগুলি দীর্ঘদিন পর অনুমোদনের জন্য জাতীয় পানি কাউন্সিলে পেশ করা সমীচিন বিবেচিত না হওয়ায় এই রিপোর্টগুলি হাল নগদি করন ও পরিবর্তিত পরিস্থিতিতে সময়োচিত জাতীয় পানি পরিকল্পনা প্রণয়নের আবশ্যকতা দেখা দিয়াছে। তাহার জন্য আর্থিক ও কারিগরী সহায়তা প্রয়োজন।

উল্লেখ্য যে, ফেব্রুয়ারী ১৯৯২ মাসে NWP II Terminal Evaluation Mission স্বল্প মেয়াদী ও দীর্ঘমেয়াদী অনুদানের জন্য সুপারিশ করে। স্থানীয় বিশ্ব ব্যাংক আয়োজিত এলসিজি (LCG) সভায় বিষয়টি আলোচনার পর কাজের স্বার্থে সুপারিশ অনুমোদিত হয়। আরও উল্লেখ করা যাইতে পারে যে, বিশ্ব ব্যাংক প্রদত্ত UNDP & Trust Fund Disbursement Report তারিখ ১০/৫/৯৪ হইতে দেখা যায় যে, জাতীয় পানি পরিকল্পনা ২ এ বরাদ্দকৃত অর্থের মধ্যে ৪৪.১৩ লক্ষ ডলার অব্যবহৃত রহিয়াছে। উক্ত অব্যবহৃত অর্থ জাতীয় পানি পরিকল্পনা প্রণয়নের জন্য ওয়ারপোকে প্রদানের ব্যবস্থা নেওয়া যাইতে পারে। অধিকন্ত বিগত ২৮শে এপ্রিল ১৯৯৪ তারিখে সেচ,পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ওয়ারপোর পরিচালনা বোর্ডের ২য় সভার সিদ্ধান্ত অনুযায়ী ওয়ারপোর কাজ যাইতে সুষ্ঠভাবে পরিচালনা করা যায় সেই লক্ষ্যে পাঁচ কোটি টাকার দুই বছর মেয়াদী একটি সংক্ষিপ্ত টিএপিপি তৈরী করিয়া জুন ১৯৯৪ মন্ত্রণালয়ে দাখিল করা হইয়াছে। দীর্ঘ মেয়াদী টিএপিপি (তিন বৎসর মেয়াদী ৩১ কোটি টাকা) অনুমোদন বিলম্বিত হইলে ওয়ারপোর কাজের ধারাবাহিকতা বজায় রাখার জন্য বর্ণিত স্বল্প মেয়াদী টিএপিপিটি অনুমোদনের আশু প্রয়োজন।

## ৩। আলোচ্য বিষয় নং ৩

**পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর বর্তমান অফিস উত্তরা মডেল টাউন হইতে স্থানান্তর প্রসংগে।**

ওয়ারপোর বর্তমান অফিস সেক্টর-৩, সড়ক-১৮, বাড়ী নং-২৭ তে অবস্থিত হওয়ায় ইহার অন্যতম ও প্রধান কার্যক্রম পাউবো এর হাইড্রোলজী, ডিজাইন, পরিকল্পনা, এফপিসিও, জেআরসি, বিএআরসি, এসআরডিআই, বিবিএস, বিএমডি বিএডিসি, মৎস্য বিভাগ, বিআইডব্লিউটিসি, পিএইচই, স্পার্সো, আবহাওয়া পরিদপ্তর ইত্যাদি দপ্তর সমূহ হইতে উপাত্ত ও তথ্যাদি সংগ্রহ এবং তাহাদের সাথে সংযোজন রক্ষা করা বিশেষ সমস্যা হইয়া দাড়াইয়াছে। তদুপরি বর্তমান অফিসে স্থান সংকুলান না হওয়ায় অত্র সংস্থার কৃষি, বন, পরিবেশ ও মৎস্য এবং অর্থনীতি শাখা অত্র অফিস হইতে ১.৫০ কি:মি: দূরে অন্য একটি বাড়ীতে স্থানান্তর করিতে হইয়াছে। ফলে

বিভিন্ন শাখার কাজ কর্মের সমন্বয় সাধনে ব্যাঘাত ঘটিতেছে। অধিকন্তু অত্র সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের উত্তরাসহ অফিসে যাতায়াতে জ্বালানী ও গাড়ী রক্ষনাবেক্ষন খাতে ব্যয়ের পরিমান অনেক বৃদ্ধি পাইয়াছে। ওয়ারপো অফিস ঢাকার গ্রীণরোড, মতিঝিল, সেগুন বাগিচা বা ধানমন্ডী সংলগ্ন যে কোন স্থানে একক অফিসে স্থানান্তরের ব্যবস্থা অনুমোদিত হইলে বর্ণিত সমস্যা সমূহ দূরীভূত হইবে। বিষয়টি ওয়ারপো পরিচালনা বোর্ডের দ্বিতীয় সভায় আলোচিত হইয়াছে এবং উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক একটি বিস্তারিত প্রতিবেদন স্মারক নং ওয়ারপো/ও-১/২৯২ তারিখ ৯/৬/৯৪ মারফৎ মন্ত্রণালয়ের বিবেচনা ও অনুমোদনের জন্য পাঠানো হইয়াছে।

বিশেষ ভাবে উল্লেখ্য যে, অফিস স্থানান্তরের প্রস্তাব অনুমোদিত হইলে কাজের উপরোক্ত সমস্যাদি নিরসন ছাড়াও প্রতিমাসে টাকা আনুমানিক ৫৩,৮০০.০০ অর্থাৎ বাৎসরিক ৬ লক্ষ ৪৬ হাজার টাকা সরকারের সরাসরি সাশ্রয় হইবে (খাতওয়ারী বিস্তারিত হিসাব প্রতিবেদনে দেওয়া হইয়াছে)।

প্রস্তাব : ওয়ারপো'র বর্তমান অফিসের চুক্তির মেয়াদ আগামী ৩১/৭/৯৪ ইং তারিখে শেষ হইবে বিধায় কাজের স্বার্থে ও উপরের বাস্তব ঘটনা অনুধাবন পূর্বক ওয়ারপোর অফিস বর্তমান অবস্থান হইতে গ্রীণরোড, মতিঝিল, সেগুন বাগিচা বা ধানমন্ডী স্থানান্তরের বিষয়টি অনুমোদন করা যাইতে পারে।

## ৪। আলোচ্য বিষয় নং ৪

**বিবিধ**

(স্বাক্ষর) ১৪/৭/৯৪

(মো: তসলিম উদ্দিন)
মহা পরিচালক (অতি: দায়িত্ব)

Rule‹আ-বিষ-৩›আলমগীর